প্রথম আলো

তারিখ 14 MAR 2016
পৃষ্ঠা ৪ কলাম ১

প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

# আইসিটি শিক্ষকদের এমপিওভুক্তির দাবি

নিজস্ব প্রতিবেদক ●

মাধ্যমিক পর্যায়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের শিক্ষকদের এমপিওভুক্ত করার দাবিতে অবস্থান কর্মসূচি পালন ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ এমপিওবঞ্চিত আইসিটি শিক্ষক সংগঠন।

গতকাল রোববার জাতীয় প্রেসক্লাবের সামনের ফুটপাতে সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করেন সংগঠনভুক্ত শিক্ষকেরা। এরপর প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাক গ্রহণ ও বিতরণ শাখায় স্মারকলিপি দেওয়া হয়।

সংগঠনের সভাপতি মো. আশিকুজ্জামান *প্রথম আলো*কে বলেন, এই দাবিতে তাঁরা আজ সোমবারও জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করবেন।